কাজী রিয়াজুল হক
চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ
(মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারকের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি সহ নিয়োগ প্রাপ্ত)

ডি.ও নং- এনএইচআরসিবি/চেয়ার:/৪১৯/১৬-৩৭ তারিখ: ০২ এপ্রিল ২০১৭

প্রিয় নাসির,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি অবগত আছেন যে, জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯ এর অধীনে প্রতিষ্ঠিত জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের সর্বস্তরের মানুষের অধিকার সমুন্নত রাখতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় বিভিন্ন ভাবে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠির অধিকার সুরক্ষায় কমিশন ১১টি বিষয়ভিত্তিক কমিটি গঠন করেছে যার মধ্যে প্রতিবন্ধী ব্যক্তি ও অটিজম শীর্ষক বিষয়ভিত্তিক কমিটি অন্যতম।

সরকার প্রতিবন্ধী জনগোষ্ঠির অধিকার সুরক্ষা ও মর্যাদা প্রতিষ্ঠায় অত্যন্ত সচেতন। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সংক্রান্ত জাতিসংঘ সনদ, ২০০৬ অনুসমর্থনে বাংলাদেশ অন্যতম অগ্রগামী দেশ। এছাড়া, বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং আইনের বিধিমালা গৃহীত হয়েছে। উক্ত আইনে 'প্রবেশগম্যতার অধিকার' স্বীকৃত হয়েছে, যেখানে প্রবেশগম্যতা অর্থ ভৌত অবকাঠামো, যানবাহন, যোগাযোগ, তথ্য, এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ জনসাধারণের জন্য প্রাপ্য সকল সুবিধা ও সেবাসমূহে অন্যান্যদের মত প্রত্যেক প্রতিবন্ধী ব্যক্তির সমসুযোগ ও সমআচরণ প্রাপ্তির অধিকারকে নির্দেশ করা হয়েছে।

এছাড়া, দৃষ্টি প্রতিবন্ধী ও পঠন প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পুস্তক ও মুদ্রিত তথ্যপ্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ওয়ার্ল্ড ইনটেলেকচুয়াল প্রপার্টি অরগানাইজেশন (WIPO) কর্তৃক ২০১৩ সালের ২৭ জুন মারাকেশ চুক্তি গৃহীত হয়, যা বিশ্বের ৯১ টি রাষ্ট্র অনুসমর্থন করেছে। এতে দৃষ্টি ও পঠন প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অভিগম্য মাধ্যমে পুস্তক প্রণয়ন ও বাধামুক্ত ভাবে একদেশের প্রবেশগম্য প্রকাশনা অন্যদেশে ব্যবহারের অনুমতি প্রদান করা হয়। আমাদের দেশের দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের স্বার্থে বাংলাদেশ সরকার কর্তৃক মারাকেশ চুক্তিটি অনুসমর্থন করা অত্যন্ত প্রয়োজন। এজন্য বিদ্যমান কপিরাইট আইন সংশোধনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে দেশের বিপুল সংখ্যক এ জনগোষ্ঠীর তথ্যপ্রাপ্তির অধিকার সুরক্ষিত হবে বলে আমার বিশ্বাস। এ ব্যাপারে আপনার সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

সালাম ও শুভেচ্ছান্তে,

02-08-2017

কাজী রিয়াজুল হক
চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন

জনাব নাসির উদ্দিন আহমেদ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার